গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
www.plandiv.gov.bd

নং-২০.০০.০০০০.৩২৮.৯৯.০০১.১৯-৬২৬

তারিখঃ ০৯ অগ্রহায়ণ, ১৪২৬
২৪ নভেম্বর, ২০১৯

বিষয়ঃ **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিক উদযাপন উপলক্ষ্যে পরিকল্পনা বিভাগের বিগত ১০ বছরের উন্নয়ন ও অগ্রগতি বিষয়ে পুস্তিকা প্রকাশনা কমিটির সভার কার্যবিবরণী।**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিক উদযাপন উপলক্ষ্যে পরিকল্পনা বিভাগের বিগত ১০ বছরের উন্নয়ন ও অগ্রগতি বিষয়ে পুস্তিকা প্রকাশনা কমিটির এক সভা গত ১৮/১১/২০১৯ তারিখ বিকাল-৩.০০ ঘটিকায় অতিরিক্ত সচিব (বাজেট) এর সভাপতিত্বে তাঁর দপ্তের (ভবন নং ০৯, কক্ষ নং ২৯) এ অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত মোতাবেক **আগামী ১৫/১২/২০১৯ তারিখের মধ্যে** সংশ্লিষ্ট সকল শাখা/অধিশাখা ও অনুবিভাগকে তথ্যসমূহ উপসচিব (এসএসআরসি, পরিকল্পনা বিভাগ) বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ কার্যবিবরণী ০২ পাতা।

**(মোঃ দেলোয়ার হোসেন)**
অতিরিক্ত সচিব (বাজেট)
ফোনঃ ৯১৮০৭৫০
e-mail:ads.budget@plandiv.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১. অতিরিক্ত সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
২. প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা।
৩. প্রধান, এনইসি- একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৪. যুগ্মসচিব (সমন্বয়), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৫. উপসচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৬. উপপ্রধান, পরিকল্পনা শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৭. সচিব/সদস্য মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ/কমিশন, ঢাকা।
৮. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা। **(কার্যবিবরণীটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধসহ)।**
৯. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
www.plandiv.gov.bd

**জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে পরিকল্পনা বিভাগের বিগত ১০ বছরের উন্নয়ন ও অগ্রগতি বিষয়ে পুস্তিকা প্রকাশনা কমিটির সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভার তারিখ: | ১৮ নভেম্বর, ২০১৯ |
| সময়ঃ | বিকাল- ৩.০০ ঘটিকা। |
| সভার স্থানঃ | অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয়ের দপ্তর (ভবন নং ০৯, কক্ষ নং ২৯), পরিকল্পনা বিভাগ। |
| সভাপতিঃ | জনাব মোঃ দেলোয়ার হোসেন, অতিরিক্ত সচিব (বাজেট) ও সভাপতি, পুস্তিকা প্রণয়ন ও প্রকাশনা কমিটি, পরিকল্পনা বিভাগ। |

***সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক'***

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। সভাপতির অনুরোধক্রমে কমিটির সদস্য সচিব সভায় বিস্তারিত আলোচনা করেন। তিনি অবহিত করেন যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে পরিকল্পনা বিভাগের কর্ম-পরিকল্পনার আওতায় গৃহিত সিদ্ধান্ত মোতাবেক পরিকল্পনা বিভাগ ও কমিশনের বিগত ১০ বছরের উন্নয়ন ও অগ্রগতি বিষয়ে পুস্তিকা প্রণয়ন প্রকাশ করা হবে। তিনি উক্ত পুস্তিকায় কী কী থাকবে সে বিষয়ে উপস্থিত সকলকে নির্দেশনা দেন। তিনি উল্লেখ করেন, পরিকল্পনা কমিশনের সকল সেক্টর/বিভাগ থেকে বিগত ১০ বছরে কতটি প্রকল্প পাস হয়েছে। উক্ত প্রকল্পগুলোর ফিচারসহ অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্যাদি ছক/টেবিল আকারে উপস্থাপন করতে হবে। উপপ্রধান, এনইসি-একনেক সভায় জানান যে, ডিজিটাল ডাটাবেজ সিস্টেম পরিকল্পনা বিভাগের অগ্রগতি হিসেবে অন্তর্ভুক্ত হতে পারে এবং প্রত্যেক শাখা/অধিশাখা ও দপ্তর/সংস্থা তথ্য প্রদানের সময় টেবিলের টাইটেল যোগ করার অনুরোধ জানান। তিনি আরও উল্লেখ করেন যে, পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগের আওতায় ৬ষ্ঠ ও ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা , MDG ও SDG বিষয়ক নীতিমালা এবং বিশদ কর্ম-পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

২। সদস্য সচিব সভায় আরও জানান যে, তথ্য প্রদানের ক্ষেত্রে আবশ্যিকভাবে SUTUNY MJ (বিজয় কী বোর্ড) ফন্ট ব্যবহার করতে হবে; ফন্ট সাইজ ১৩ এবং লাইন স্পেস সিঙ্গেল হতে হবে। এছাড়া ইংরেজি শব্দ ব্যবহার করলে Times New Roman ব্যবহার করার জন্য অনুরোধ জানান। উপপ্রধান, কৃষি পানি, সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ সভাকে জানান যে, সকল সেক্টর/ডিভিশনের প্রতিবেদন প্রস্তুত করার সময় একটি সংক্ষিপ্ত বর্ণনা ভূমিকা আকারে এবং একটি উপসংহারের মাধ্যমে পরিসমাপ্তি করতে হবে। উপপ্রধান, এনইসি-একনেক সভায় জানান যে, বিগত ১০ বছরে কত জন কর্মকর্তা/কর্মচারী পদোন্নতি পেল এবং অবসরে গিয়েছেন তার একটি তথ্য যোগ করা যেতে পারে। সিনিয়র সহকারী প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ সভাকে জানানে যে, পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের পরিবেশ বান্ধব ক্যাম্পাসের চিত্র উপস্থাপন করা যেতে পারে। সভাপতি জানান যে ,সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের বিগত ১০ বছরের গবেষণা কার্যক্রমের অগ্রগতি পুস্তিকায় অন্তর্ভুক্ত করা যেতে পারে। পরিশেষে সভাপতি সকলকে আন্তরিকতার সাথে এই কাজটি সম্পন্ন করার আহবান জানান।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্যঃ

৩। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহঃ

ক) পরিকল্পনা কমিশনে বিগত ১০ বছরে কতটি প্রকল্প পাস হয়েছে এবং মেগা প্রকল্পগুলোসমূহের উল্লেখযোগ্য অবকাঠামোর ক্যাপশনসহ ছবি অন্তর্ভূক্ত করতে হবে ;

খ) সাধারণ অর্থনীতি বিভাগের (জিইডি) আওতায় গৃহীত কার্যক্রম ৬ষ্ঠ ও ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা , MDG ও SDG বিষয়ক নীতিমালা এবং বিশদ কর্ম-পরিকল্পনার তথ্য সন্নিবেশ করতে হবে;

গ) সকল সেক্টর/ডিভিশনের প্রতিবেদন প্রস্তুত করার সময় একটি সংক্ষিপ্ত বর্ণনা ভূমিকা এবং একটি উপসংহার সংযোজন করতে হবে;

ঘ) পরিকল্পনা বিভাগ ও কমিশনে বিগত ১০ বছরে কত জন কর্মকর্তা/কর্মচারীর নিয়োগ, পদোন্নতি হলো এবং কত জন অবসরে গিয়েছেন তার একটি তথ্য যোগ করতে হবে;

ঙ) সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের বিগত ১০ বছরের গবেষণা কার্যক্রমের অগ্রগতি পুস্তিকায় অন্তর্ভূক্ত করতে হবে ;

চ) তথ্যসমূহ চার্ট/ছক/টেবিল/ছবির মাধ্যমে উপস্থাপন করতে হবে;

ছ) পরিকল্পনা বিভাগের মনোরাম পরিবেশের বিষয়টি প্রকাশনায় সংযোজন করতে হবে;

জ) প্রকাশনার জন্য তথ্য প্রদানের ক্ষেত্রে আবশ্যিকভাবে SUTUNY MJ (বিজয় কী বোর্ড) ফন্ট ব্যবহার করতে হবে; ফন্ট সাইজ ১৩ এবং লাইন স্পেস সিঙ্গেল হতে হবে। এছাড়া ইংরেজি শব্দ ব্যবহার করলে Times New Roman ব্যবহার করতে হবে;

ঝ) উপরিউক্ত সকল তথ্য আগামী ১৫/১২/২০১৯ তারিখের মধ্যে উপসচিব, (এসএসআরসি) পরিকল্পনা বিভাগ বরাবর সফট এবং হার্ড কপিতে প্রেরণ করতে হবে ।

৪। অতপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে আন্তরিকতার সাথে এই কাজটি সম্পন্ন করার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/১১/১৯
(মোঃ দেলোয়ার হোসেন)
অতিরিক্ত সচিব (বাজেট)
পরিকল্পনা বিভাগ।